



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মশক নিধন অভিযান

ডেঙ্গু জ্বর নিয়ন্ত্রণ ও মশার বংশ বৃদ্ধি রোধে রাজধানীর আফতাবনগরে এক মশক নিধন অভিযান পরিচালনা করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। ২৬ জুলাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাড়াও এর আশপাশের মানুষকে সচেতন করতে শোভাযাত্রা এবং মশার উৎপত্তিস্থল ধ্বংসে এ অভিযান পরিচালনা করেন। বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এনামুল হক এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. এম রুহুল আমিনের নেতৃত্বে এ মশক নিধন অভিযান এবং সচেতনতা কর্মসূচিতে ঢাকা উত্তর সিটি করপোরেশনের স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর জাহাঙ্গীর আলম যোগ দেন।